# প্রেস বিজ্ঞপ্তি
## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ৬৪টি প্রতিষ্ঠানকে ৩.৭৬ হাজার টাকা জরিমানা

১১ আগস্ট ২০১৬

**বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের** প্রধান কার্যালয়, ঢাকা বিভাগীয় কার্যালয় ও জেলা কার্যালয়ের ২১ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল, মানিকগঞ্জ, কুমিল্লা, শেরপুর, জয়পুরহাট, কিশোরগঞ্জ, যশোর, গাইবান্ধা, রাজবাড়ী, সিলেট, মাদারীপুর, মৌলভীবাজার, ঝালকাঠি ও ঝিনাইদহে আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর শেরে বাংলানগর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডারকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে আমানত শাহ হোটেল এন্ড রেস্টুরেন্টকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকাসহ মোট **৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর শেরে বাংলানগর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে কুস্তুরী ছায়ানীড় হোটেল এন্ড রেস্টুরেন্ট এবং Piccadilly Restaurant কে যথাক্রমে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা ও **৮,০০০/- (আট হাজার)** টাকা এবং ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে প্রিন্স রেস্তোরাকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **৭৮,০০০/- (আটাত্তর হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর মিরপুর এলাকায় পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ঢাকা বাজারকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রামের পাহাড়তলী এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩২,০০০/- (বত্রিশ হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রামের ডাবলমুড়িং এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **২৩,০০০/- (তেইশ হাজার)** টাকা, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর গোদাগাড়ী উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমী রাণী মিত্রের নেতৃত্বে বরিশারের এয়ারপোর্ট ও কাশীপুর এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ফারুক আহমেদ এর নেতৃত্বে মানিকগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৩,৫০০/- (তিন হাজার পাঁচশত)** টাকা, কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লার চান্দিনা উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **৯,৫০০/- (নয় হাজার পাঁচশত)** টাকা, শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আরিফুর ইসলামের নেতৃত্বে শেরপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, জয়পুরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরিফুল ইসলামের নেতৃত্বে জয়পুরহাটের ক্ষেতলাল উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশালের এয়ারপোর্ট এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, গাইবান্ধা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে গাইবান্ধার সাদুল্যাপুর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৩,৫০০/- (তের হাজার পাঁচশত)** টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ী সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৪,৫০০/- (চৌদ্দ হাজার পাঁচশত)** টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেট সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২৩,০০০/- (তেইশ হাজার)** টাকা, মাদারীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদৌসের নেতৃত্বে মাদারীপুর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমের নেতৃত্বে মৌলভীবাজারের জুড়ী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, ঝালকাঠী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠী সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৩,৫০০/- (তিন হাজার পাঁচশত)** টাকা এবং ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহের শৈলকুপা উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **২,০৮,৫০০/- (দুই লক্ষ আট হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Cafe Euphorea কে **৩,০০০/- (তিন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৭৫০/- **(সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Comic Cafe, Bittersweet Cafe এবং আগোরা রহিম আফরোজ সুপার স্টোরস লিঃ কে যথাক্রমে **৩,০০০/- (তিন হাজার)** টাকা, **৩,০০০/- (তিন হাজার)** টাকা এবং **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **১৬,০০০/- (ষোল হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৪,০০০/- (চার হাজার)** টাকা প্রদান করা হয়।

চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফয়েজ উল্ল্যাহ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে গ্রে ফুড মিল্যান্সকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

আজকের **২১টি** বাজার তদারকি ও **৫টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৬৪টি** প্রতিষ্ঠানকে মোট **৩,৭৬,৫০০/- (তিন লক্ষ ছিয়াত্তর হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ৫ জন অভিযোগকারীকে মং **৬,২৫০/- (ছয় হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানেটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল, মানিকগঞ্জ, কুমিল্লা, শেরপুর, জয়পুরহাট, কিশোরগঞ্জ, যশোর, গাইবান্ধা, রাজবাড়ী, সিলেট, মাদারীপুর, মৌলভীবাজার, ঝালকাঠি ও ঝিনাইদহ।
৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল, মানিকগঞ্জ, কুমিল্লা, শেরপুর, জয়পুরহাট, কিশোরগঞ্জ, যশোর, গাইবান্ধা, রাজবাড়ী, সিলেট, মাদারীপুর, মৌলভীবাজার, ঝালকাঠি ও ঝিনাইদহ।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।